গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ**
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী: আগস্ট ২০২৫**

সভাপতি: নিতাই চন্দ্র দে সরকার
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তারিখ: ০৮ সেপ্টম্বর, ২০২৪; সময়: ০৪:০০ ঘটিকা
স্থান: প্রকল্প সমন্বয়কের অফিসকক্ষ, ৫ম তলা হাজিরা: পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বিগত আগস্ট মাসের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য কমিউনিকেশন অফিসারকে অনুরোধ জানান। অতঃপর, সভায় আলোচ্য বিষয় সম্পর্কে সকলকে মতামত প্রদানের আহবান জানানো হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্প কার্যক্রমসমূহের ক্রমপুঞ্জিভুত অগ্রগতি, বিগত মাসের অগ্রগতি এবং বর্তমানে চলমান ও পরবর্তী মাসের পরিকল্পিত কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে মাসিক পরিকল্পনা ও অন্যান্য সিদ্ধান্ত অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | ল্যান্ড গেজ | প্রকল্প সমাপ্তির পরও প্রকল্পের তিনটি জেলায় ৬০ জন ল্যান্ড গেজ রিডারদের মাধ্যমে প্লাবন পূর্বাভাস মডেলের ক্যালিব্রেশন ও ভ্যালিডেশনের জন্য তথ্য সংগ্রহের কাজ অব্যাহত রাখা, ভবিষ্যতে একটি অটোমেটেড সিস্টেম তৈরী করে সংগৃহীত তথ্যের ভিত্তিতে প্লাবন পূর্বাভাস মডেলটি হালনাগাদ করা, ল্যান্ড গেজগুলো ভবিষ্যতে জনসচেতনতার উদ্দেশ্যে ব্যবহার ও এগুলোর স্বত্ব নির্ধারণের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের (বাপাউবো) সাথে মতবিনিময় করা আবশ্যক বলে প্রতীয়মান হয়। | সেপ্টেম্বরের তৃতীয় সপ্তাহের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের (বাপাউবো) মধ্যে এই বিষয় গুলোর উপর মতবিনিময় সভার আয়োজন করতে হবে। | টিম লিডার, প্রোগ্রাম ম্যানেজার ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৩। | প্রশিক্ষণ মডিউল ও প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত | প্রকল্পের আওতায় তৈরি সকল টুলস/সিস্টেম ও পরিচালিত সকল প্রশিক্ষণ কার্যক্রমের জন্য বাংলায় প্রশিক্ষণ মডিউল বা সহায়িকা প্রস্তুতের কাজ চলমান রয়েছে। সকল মডিউলের প্রাথমিক খসড়ার উপর অভ্যন্তরীণ পর্যালোচনা সম্পন্ন করার পর এগুলোর উপর সংশ্লিষ্ট অংশীজনদের বিস্তারিত মতামত গ্রহণের বিষয়ে আলোচনা হয়।<br><br>অবশিষ্ট ১০টি উপজেলায় স্থানীয় জনগোষ্ঠীর জন্য সচেতনতা বৃদ্ধিমূলক কনসালটেশন ও প্রশিক্ষণ এবং ১৯টি উপজেলায় বন্যার আগাম সতর্কবার্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে রিফ্রেশার প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | ক) আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে সকল প্রশিক্ষণ মডিউল ও সহায়িকার প্রাথমিক খসড়া প্রস্তুতপূর্বক চূড়ান্তকরণের জন্য অংশীজনদের নিয়ে একটি মতবিনিময় কর্মশালা আয়োজন করতে হবে।<br><br>খ) মাঠ-পর্যায়ের সকল প্রশিক্ষণ আগামী ৩০ নভেম্বরের মধ্যে সম্পন্ন করতে হবে এবং ১৫ সেপ্টেম্বর থেকে অবশিষ্ট প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | টিম লিডার, প্রোগ্রাম ম্যানেজার, জিআইএস স্পেশালিস্ট ও কমিউনিকেশন অফিসার |
| ০৪। | টেকনিক্যাল অ্যাডভাইজরি কমিটি | DEM ডাটার ভিত্তিতে Inundation model-এর আউটপুট, প্রশিক্ষণ মডিউলসমূহ, প্লাবন পূর্বাভাস মডেলের ভ্যালিডেশন ও ক্যালিব্রেশন, বন্যা পূর্বাভাসের ভয়েস বার্তা প্রেরণের জন্য SOP সহ অন্যান্য বিষয় টেকনিক্যাল অ্যাডভাইজরি কমিটির নিকট উপস্থাপন করে এ বিষয়ে তাঁদের মতামত গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | নভেম্বর/২০২৫ এর মধ্যে TAC কমিটির সভা আয়োজনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০৫। | প্লাবন পূর্বাভাস মডেলের ভ্যালিডেশন ও ক্যালিব্রেশন | চলতি বছর প্রকল্প এলাকায় বন্যা না হলে, প্লাবন পূর্বাভাস মডেলটি ভ্যালিডেট ও ক্যালিব্রেট করার নিমিত্তে অত্র এলাকার বন্যার পানির উচ্চতার ঐতিহাসিক উপাত্ত (historical data) অথবা স্যাটেলাইট ডাটা ব্যবহার করে ভ্যালিডেট ও ক্যালিব্রেট করার বিষয়ে আলোচনা হয়। | নভেম্বরের তৃতীয় সপ্তাহের মধ্যে ঐতিহাসিক উপাত্ত (historical data) ব্যবহার করে মডেলটি ভ্যালিডেট ও ক্যালিব্রেট করতে হবে এবং প্রতিবেদন প্রস্তুত করে উপস্থাপন করতে হবে। | টিম লিডার, হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার ও জিআইএস স্পেশালিস্ট |
| ০৬। | আঞ্চলিক পর্যায়ে প্রকল্প অগ্রগতি পর্যালোচনা কর্মশালা | জেলা পর্যায়ে প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা, চলমান কার্যক্রম সম্পর্কে প্রকল্প সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণ ও এক্সিট প্ল্যান বিষয়ে আলোচনার জন্য সকল অংশীদারদের নিয়ে আঞ্চলিক পর্যায়ে একটি প্রকল্প অগ্রগতি পর্যালোচনা কর্মশালা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | গাইবান্ধা-কুড়িগ্রাম অঞ্চলের জন্য ২০২৫ এর বার্ষিক অগ্রগতি পর্যালোচনা কর্মশালা আয়োজন করার জন্য সকল প্রস্তুতি আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে সম্পন্ন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, কমিউনিকেশন অফিসার ও রিজিওনাল কোঅর্ডিনেটর |
| ০৭। | সার্ভার ও অন্যান্য আইসিটি ইকুইপমেন্ট ক্রয় | সার্ভার সহ অন্যান্য আইসিটি ইকুইপমেন্ট ক্রয়ের জন্য গত ২১ আগস্ট প্রকাশিত টেন্ডার বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রাপ্ত দরপত্র প্রস্তাবসমূহ মূল্যায়ন করার জন্য বিধানমতে দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটির সভা আয়োজন করা আবশ্যক। | পিপিআর এর বিধানমতে দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটির সভা আগামী ১১ সেপ্টেম্বর/উপযুক্ত সময়ে আয়োজন করতে হবে। | আইসিটি স্পেশালিস্ট ও প্রোগ্রাম ম্যানেজার |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৮। | কমিউনিটি রেডিওর মাধ্যমে বন্যার আগাম সতর্কবার্তা প্রচার | বন্যার আগাম সতর্কবার্তা স্থানীয় জনগণের নিকট দ্রুত ও কার্যকরভাবে পৌঁছে দেয়ার লক্ষ্যে গাইবান্ধা ও কুড়িগ্রাম জেলার জনপ্রিয় কমিউনিটি রেডিও যথাক্রমে 'রেডিও সারাবেলা' ও 'রেডিও চিলমারী'র মাধ্যমে আগাম সতর্কবার্তা প্রচারের জন্য তাদের সঙ্গে পৃথক সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে আলোচনা হয়। | কমিউনিটি রেডিওর মাধ্যমে বন্যার আগাম সতর্কবার্তা প্রচারের জন্য ৫ বছর-মেয়াদী সমঝোতা স্মারকের খসড়া প্রস্তুত করে 'রেডিও সারাবেলা' ও 'রেডিও চিলমারী'র সাথে এবিষয়ে আলোচনা পূর্বক আগামী ২৩ অক্টোবর এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও উপ-প্রকল্প সমন্বয়ক |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম- চ.দা.)
Email: dmim@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ১৬১ (ক) তারিখ: ২৫-০৯-২০২৫ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৩। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
০৪। টিম লিডার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৫। প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৬। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৭। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৮। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৯। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১০। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১১। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১২। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৩। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৫। অফিস কপি/গার্ড ফাইল।

(মোহাম্মদ হাফিজুর রহমান)
উপ-প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
সহকারি পরিচালক (জিআইএস/আরএম)
Email: adgis@ddm.gov.bd